দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক

সোমবার | ২২ আগস্ট ২০২২ | www.edainikazadi.net রেজি. নং-চ-৫৪ | ৬২তম বর্ষ ৩৩৬ সংখ্যা | ৭ ভাদ্র ১৪২৯ সাল | ২৩ মহররম ১৪৪৪ হিজরি | ৮ পৃষ্ঠা | ৭ টাকা

আল-আরাফাহ্ ইসলামী ব্যাংকের চেয়ারম্যান সেলিম রহমান বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মোহাম্মদ মাশরুরুল মওলার নিকট কম্পিউটার হস্তান্তর করছেন

আল-আরাফাহ ইসলামী ব্যাংক

ইসলামি বিশ্ববিদ্যালয়কে ১৪৭টি কম্পিউটার প্রদান

কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (সিএসআর) কার্যক্রমের আওতায় আন্তর্জাতিক ইসলামি বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের (আইআইইউসি) 'কম্পিউটার ভিশন অ্যান্ড ইন্টেলিজেন্ট সিস্টেম ল্যাবোরেটরি' প্রজেক্ট বাস্তবায়নের জন্য ১৪৭টি কম্পিউটার প্রদান করেছে আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিমিটেড। সম্প্রতি ব্যাংকের প্রধান কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে ব্যাংকের চেয়ারম্যান সেলিম রহমান আইআইইউসির প্রো-ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মোহাম্মদ মাশরুরুল মওলার নিকট কম্পিউটার হস্তান্তর করেন।

এসময় ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও ফরমান আর চৌধুরী উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক এস এম জাফর, শাব্বির আহমেদ, মো. শফিকুর রহমান, সৈয়দ মাসুদুল বারী, মো. মাহমুদুর রহমান, মোহাম্মদ নাদিম, আবেদ আহাম্মদ খান, আবদুল্লাহ আল মামুন, শীর্ষ নির্বাহীবৃন্দ এবং বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ হুমায়ন কবির উপস্থিত ছিলেন। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Dainik Azadi, Date: 22 August 2022, Page: 3, Col: 1
https://www.edainikazadi.net/index.php?page=1&date=2022-08-22